গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়
সিলেট বিভাগ, সিলেট
www.lrb.sylhetdiv.gov.bd

ভূমি মন্ত্রণালয়

ভূমিসেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

স্মারক নং- ৩১.০২.০০০০.০২৬.১০.০০১.১৮.৮২৫

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
২৪ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ

**বিষয়ঃ ভূমি উন্নয়ন করের সঠিক দাবী নির্ধারণ এবং আদায় প্রসঙ্গ।**

সূত্রঃ ভূমি সংস্কার বোর্ড, ঢাকা'র স্মারক নং ৩১.০২.০০০০.০১১.০৯.০০১.২০.৮৩, তারিখ: ০৮ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমি সংস্কার বোর্ডের ২৮ জানুয়ারি, ২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর আলোচ্য সূচী ৫(ক) এর সিদ্ধান্ত মোতাবেক "২০২০-২০২১ অর্থ বছরে ভূমির ব্যবহার ভিত্তিক ভূমি উন্নয়ন করের প্রকৃত দাবীকৃত অর্থ নির্ধারিত সময়ে শতভাগ আদায়ের" প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) ফর্দ।

২৪/০২/২১

(মুহাম্মদ আব্দুল হাই আল মাহমুদ)
পরিচিতি নং ৬৮৪৬
উপ-ভূমি সংস্কার কমিশনার (উপসচিব)
সিলেট বিভাগ, সিলেট।
ল্যান্ড ফোন: ০৮২১-৮৪০১১৩
ই-মেইল: dlrcsylhet@lrb.gov.bd

**অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)**
**সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার**

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):
০১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।
০৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ ভূমি সংস্কার কমিশনার
সিলেট বিভাগ এর কার্যালয়
ডকেট নং .........................
তারিখ ....................

Mr AO
উক্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা নিন।
ADC (Rev) [illegible]
28/02/21

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-১ (প্রশাসন)
১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.lrb.gov.bd

বিষয় : **ভূমি সংস্কার বোর্ডের জানুয়ারি, ২০২১ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ মোস্তফা কামাল, সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
সভার তারিখ : ২৮ জানুয়ারি, ২০২১।
সভার সময় : বেলা ১১:৩০ ঘটিকা।
সভার স্থান : সম্মেলন কক্ষ, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

(উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট- 'ক' তে সংযুক্ত)

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সহকারী ভূমি সংস্কার কমিশনার-১(প্রশাসন) কে সভা পরিচালনার আহবান জানান। সহকারী ভূমি সংস্কার কমিশনার বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং এতে প্রকার সংশোধনীর প্রস্তাব না থাকায় তা উপস্থিত সদস্যবৃন্দ কর্তৃক অনুমোদিত হয়। অত:পর কার্যসূচী অনুযায়ী নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনান্তে সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা। | **আলোচনা:** সভাপতি মহোদয় বোর্ডের ওয়েবসাইটটি নিয়মিত হালনাগাদ করার উপর গুরুত্বারোপ করেন। উপস্থিত সদস্যবৃন্দ এ বিষয়ে একমত পোষণ করেন।<br>**সিদ্ধান্ত :**<br>(ক) বোর্ডের ওয়েবসাইটটি নিয়মিত হালনাগাদ করার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। নতুন যোগদানকৃত কর্মকর্তাদের ছবিসহ তথ্যাদি ওয়েবসাইটে যুক্ত করতে হবে। সকল স্তরে যোগাযোগের জন্য ই-মেইল ব্যবহার করতে হবে।<br>(খ) বোর্ডের গুরুত্বপূর্ণ পত্র ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করতে হবে।<br>(গ) ভূমি সংস্কার বোর্ড ও বিভাগীয় উপ ভূমি সংস্কার কমিশনার কার্যালয়ের কর্মকর্তাগণ নিজ নিজ দায়িত্বে ওয়েবসাইট হালনাগাদ হচ্ছে কিনা তা তদারকি করবেন। | (ক) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল)<br>(খ) সহকারী ভূমি সংস্কার কমিশনার (সকল)<br>(গ) সহকারী প্রোগ্রামার /সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার |
| ২ | ভূমি সংস্কার বোর্ডের সাংগঠনিক কাঠামো অনুমোদন, শূন্য পদ পূরণ ও পদোন্নতি | **আলোচনা:** ভূমি সংস্কার বোর্ডের সাংগঠনিক কাঠামো জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন এবং নতুন পদ সৃজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ভূমি সংস্কার বোর্ড ও বিভাগীয় উপ ভূমি সংস্কার কমিশনার কার্যালয়ের দৈনন্দিন কাজ আরও গতিশীল করার লক্ষ্যে বোর্ডে শাখা বৃদ্ধিসহ নতুন পদ সৃজনের গৃহীত উদ্যোগের অগ্রগতি সভায় উপস্থাপনের জন্য সদস্য (প্রশাসন) আহবান জানান সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ (প্রশাসন) সভাকে জানান ইতোমধ্যে শাখা সৃজনের প্রস্তাব ২৫-০৩-২০২০ খ্রি. তারিখ ৩১.০২.০০০০.০১১.০৬.০০৩.১৯.২৪৩ নং স্মারকে ভূমি মন্ত্রণালয় প্রেরণ করা হয়েছে। ভূমি মন্ত্রণালয় হতে ০৩-০১-২০২১ খ্রি. তারিখের ১৩৬ নং স্মারকে শাখা ও নতুন পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৫ | ভূমি উন্নয়ন করের সঠিক দাবী নির্ধারণ এবং আদায় | **আলোচনা:** ভূমি উন্নয়ন করের সঠিক দাবি নির্ধারণ ও আদায় এবং আদায় প্রতিবেদন অনলাইনে আপডেট করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করে সময়ানুগ পদ্ধতি অনুসরণপূর্বক মামলা শেষ করার বিষয়ে আলোচনা হয়। ভূমি উন্নয়ন করের দাবি ও আদায় বিবরণী উপজেলা/ইউনিয়ন/পৌর ভূমি অফিসে টাঙ্গিয়ে রাখার পাশাপাশি ভূমি মালিকগণকে ভূমি উন্নযন করের দাবি জানানোর জন্য ম্যাসেজ বার্তা ব্যবস্থা চালু করার বিষয়ে আলোচনা হয়। সভাপতি বলেন, বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ কর্তৃক ইউনিয়ন/পৌর ভূমি অফিস পরিদর্শনের সময় অফিসের নিকটবর্তী মৌজা পরিদর্শন করে প্রয়োজনীয় হোল্ডিং চেক করে দেখতে হবে যে, ভূমির ব্যবহার ভিত্তিক ভূমি উন্নয়ন কর নির্ধারন করা হয়েছে কি না। অত:পর সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫ সভায় বিগত মাসের ভূমি উন্নয়ন কর আদায়ের বিবরনী তুলে ধরেন। তিনি জানান, ডিসেম্বর/২০২০ মাসের ভূমি উন্নয়ন কর আদায় হয়েছে ৭৯,২০,৬৮,৯৬০/-(উনআশি কোটি বিশ লক্ষ আটষট্টি হাজার নয়শত ষাট) টাকা এবং জুলাই/২০২০ হতে ডিসেম্বর/২০২০ মাস পর্যন্ত ভূমি উন্নয়ন করের পুঞ্জিভূত আদায় ৩৩৭,৩২,৮১,০৫২/-(তিনশত সাইত্রিশ কোটি বত্রিশ লক্ষ একাশি হাজার বায়ান্ন) টাকা (পরিশিষ্ট-খ ও গ)।<br>**সিদ্ধান্ত:**<br>(ক) ২০২০-২০২১ অর্থ বছরে ভূমির ব্যবহার ভিত্তিক ভূমি উন্নয়ন করের প্রকৃত দাবীকৃত অর্থ নির্ধারিত সময়ে শতভাগ আদায়ের লক্ষ্যে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) গণকে পত্র দিতে হবে।<br>(খ) ভূমি উন্নয়ন কর আদায় এবং রেন্ট সার্টিফিকেট মোকদ্দমার মাসিক প্রতিবেদন অন-লাইনে আপডেট করার প্রক্রিয়া অব্যাহত রাখতে জেলা প্রশাসকগণকে অনুরোধ করতে হবে।<br>(গ) ভূমি উন্নয়ন করের দাবি ও আদায় বিবরণী উপজেলা/ইউনিয়ন/পৌর ভূমি অফিসে টাঙ্গিয়ে রাখার পাশাপাশি ভূমি মালিকগণকে ভূমি উন্নযন করের দাবি জানানোর জন্য ম্যাসেজ বার্তা ব্যবস্থা চালু করার ব্যবস্থা নিতে হবে।<br>(ঘ) বিভিন্ন সংস্থার ভূমি উন্নয়ন করের বকেয়া দাবী এবং চলতি অর্থ বছরের ভূমি উন্নয়ন করের হালদাবীর প্রস্তুতকৃত বিবরণীর প্রেক্ষিতে দাবী আদায়ের নিমিত্ত সংস্থার স্থানীয় প্রতিনিধিগণের সংঙ্গে বিভাগীয় উপ ভূমি সংস্কার কমিশনারগণ যোগাযোগ অব্যাহত রাখবেন।<br>(ঙ) ভূমি উন্নয়ন কর আদায়ের বিষয়ে ভার্চুয়াল প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।<br>(চ) দীর্ঘ মেয়াদি ভূমি উন্নয়ন কর বকেয়া থাকলে রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করে সময়ানুগ পদ্ধতি অনুসরণপূর্বক মামলা শেষ করার ব্যবস্থা নেয়ার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)গণকে পত্র দিতে হবে।<br>(ছ) রেন্ট সার্টিফিকেট মামলা পচিালনার জন্য LIMS ভূক্ত সফটওয়্যার চালুর জরুরী ব্যবস্থা নিতে হবে।<br>(ঝ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ কর্তৃক ইউনিয়ন/পৌর ভূমি অফিস পরিদর্শনের সময় অফিসের নিকটবর্তী মৌজা পরিদর্শন করে প্রয়োজনীয় হোল্ডিং চেক করে দেখতে হবে যে, ভূমির ব্যবহার ভিত্তিক ভূমি উন্নয়ন কর নির্ধারন করা হয়েছে কি না। | বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল)/ সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫ |